



Bangladesh



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রারের কার্যালয়

www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/৯০/৩ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/রেজি/গভ./বিবিধ/২০২০/ ৩০২১

তারিখ : ২৫ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ
০৯ আগস্ট ২০২১ খ্রি.অফিস আদেশ


করোনা ভাইরাস (কোভিড-১৯) মহামারীর কারণে উদ্ভূত পরিস্থিতিতে বিশ্ববিদ্যালয়ের ১৪তম সিন্ডিকেট সভার বিবিধ সিদ্ধান্ত ১ ও ২ মোতাবেক গত ১১.০১.২০২১খ্রি. তারিখে জারিকৃত অফিস আদেশের মাধ্যমে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল ফাজিল ও কামিল মাদরাসার গভর্নিং বডি'র মেয়াদ ২৫.০৯.২০২১খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

২। কোভিড-১৯ মহামারীর প্রাদূর্ভাব সংক্রামনের হার বৃদ্ধির শ্রেণিতে সরকারি সিদ্ধান্তে মাদরাসাসমূহ বন্ধ থাকার কারণে বিধিমত গভর্নিং বডি গঠন করা সম্ভব না হওয়ায় মাদরাসার কার্যক্রম পরিচালনার স্বার্থে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত যে সকল ফাজিল ও কামিল মাদরাসার গভর্নিং বডি সংক্রান্ত মামলা চলমান বা আদালতে নিষেধাজ্ঞা নেই সে সকল মাদরাসার গভর্নিং বডি'র মেয়াদ পূর্বের ধারাবাহিকতায় ২৬.০৯.২০২১খ্রি. তারিখ থেকে সর্বোচ্চ ০৬ (ছয়) মাস অথবা মেয়াদ উত্তীর্ণের তারিখ থেকে ২৫.০৩.২০২২খ্রি. তারিখ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করা হল।

তবে, নিম্নোক্ত ক্যাটাগরির মাদরাসার গভর্নিং বডি অনুমোদনের প্রস্তাব বিবেচনা করা হবে:

- ক) যে সকল মাদরাসা গত ২৬.০৩.২০২০খ্রি. তারিখের পূর্বে গভর্নিং বডি'র নির্বাচন যথাযথভাবে সম্পন্ন করেছেন এবং মাদরাসা শিক্ষা বোর্ড ও মাদরাসা শিক্ষা অধিদপ্তর থেকে বিদ্যোৎসাহী মনোনয়ন পেয়ে ইতোমধ্যে বিশ্ববিদ্যালয়ে আবেদন দাখিল করেছেন।
- খ) যে সকল মাদরাসা বিশ্ববিদ্যালয় থেকে গভর্নিং বডি'র সভাপতি ও বিদ্যোৎসাহী মনোনয়ন পেয়ে ইতোমধ্যে ১ম সভা সম্পন্ন করেছেন।
- ৩। বর্ধিত মেয়াদের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠান খোলা হলে, শিক্ষা প্রতিষ্ঠান খোলার ৯০ দিনের মধ্যে মাদরাসাসমূহকে নতুন গভর্নিং বডি গঠনের কার্যক্রম সম্পন্ন করে অনুমোদনের জন্য বিশ্ববিদ্যালয়ে প্রস্তাব দাখিল করতে হবে। ব্যর্থতায় গভর্নিং বডি'র বর্ধিত মেয়াদ বাতিল বলে গণ্য হবে।
- ৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

উপাচার্যের অনুমোদনক্রমে



(ড. মো. আবু হানিফা)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

মোবাইলঃ ০১৭০৫-৪০৮০০১

বিতরণ:


অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এবং সভাপতি
ফাজিল ও কামিল মাদরাসা (সকল)।

স্মারক নং- ইআবি/রেজি/গভ./বিবিধ/২০২০/ ৩০২১ (৩৫)

তারিখ : ০৯/০৮/২০২১

অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
৪. ট্রেজারার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. পরীক্ষা নিয়ন্ত্রক, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৮. জেলা প্রশাসক (সকল)।
৯. জেলা শিক্ষা অফিসার (সকল)।
১০. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
১১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।
১২. উপাচার্যের একান্ত সচিব (মাননীয় উপাচার্যের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৩. পরিদর্শন দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৪. আই.সি.টি শাখা (ওয়েব সাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৫. অফিস নথি।



০৯.০৮.২০২১

(ফাহাদ আহমদ মোমতাজী)

সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)

মোবাইলঃ ০১৭০৫-৪০৮০০৫